

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার ঢাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.dhaka.betar.gov.bd

নম্বর: ১৫.৫৩.০০০০.০০০.১০১.৩৬.০০০১.২৬- ৪২২

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি


বিষয়ঃ বাংলাদেশ বেতার ঢাকা আয়োজিত মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে “বেতার বিতর্ক প্রতিযোগিতা- ২০২৬” এ অংশগ্রহণের জন্য আবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শীঘ্রই বাংলাদেশ বেতার ঢাকা কেন্দ্র “তোমার কণ্ঠ শুনবে দেশ, যুক্তিতে গড়ি বাংলাদেশ” স্লোগান নিয়ে মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে “বেতার বিতর্ক প্রতিযোগিতা- ২০২৬” আয়োজন করতে যাচ্ছে। অনুষ্ঠানটি শুরু হওয়ার পর থেকে প্রতি শনিবার সকাল ৯.০৫ মিনিটে ঢাকা-ক মধ্যম তরঙ্গ ৬৯৩ কিলোহার্জ, এফ এম ১০৬ মেগাহার্জ, বাংলাদেশ বেতারের ওয়েবসাইট www.betar.gov.bd ও মোবাইল এ্যাপ Bangladesh Betar থেকে একযোগে প্রচার করা হবে। এতে অংশগ্রহণ করার জন্য ঢাকা জেলার অধীন আগ্রহী সকল মাধ্যমিক বিদ্যালয়সমূহের কর্তৃপক্ষকে আগামী ০৯ মে, ২০২৬ খ্রি. বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে পরিচালক বাংলাদেশ বেতার ঢাকা বরাবর সরাসরি হার্ড কপি অথবা ই-মেইলের মাধ্যমে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, বাংলাদেশ বেতার ঢাকা কেন্দ্র আয়োজিত মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে “বেতার বিতর্ক প্রতিযোগিতা- ২০২৬” অনুষ্ঠানে সহযোগিতা প্রদানের জন্য “ন্যাশনাল ডিবেট ফেডারেশন বাংলাদেশ” (NDF BD) নিয়োজিত থাকবেন। উক্ত প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ বাংলাদেশ বেতারের পক্ষে আপনার বিদ্যালয়ের সাথে প্রয়োজনে যোগাযোগ করবেন।

আবেদন পাঠানোর ঠিকানা: ই-মেইল: debate.bbd@gmail.com

ন্যাশনাল ডিবেট ফেডারেশন বাংলাদেশ প্রতিনিধির নাম ও মোবাইল নম্বর: জনাব আমিন উল্লাহ ফাহাদ (+৮৮ ০১৮৬৫-১২২০৭৮)


(মোঃ দিরাজ হোসেন)
পরিচালক
০২-৪৪৮১৩২০১

ই-মেইল: dirdhaka@betar.gov.bd

বিতরণ : সদয় অবগতি ও কার্যার্থে-

- ১। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ বেতার সদর দপ্তর, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা
- ২। আঞ্চলিক পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার ঢাকা (সংশ্লিষ্ট সকল শাখায় প্রয়োজনীয় লজিস্টিক এবং অন্যান্য সহযোগিতার নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
- ৩। উপ-আঞ্চলিক পরিচালক (অর্থ), বাংলাদেশ বেতার ঢাকা (সংশ্লিষ্ট শাখায় প্রয়োজনীয় সহযোগিতার নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
- ৪। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, বাংলাদেশ বেতার সদর দপ্তর, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)
- ৫। জনাব মোঃ আশ্রাফুল ইসলাম, সহকারী পরিচালক (অনুষ্ঠান) (বাংলাদেশ বেতারের ওয়েবসাইটে এবং ফেইসবুকে নোটিশ আপলোড করার অনুরোধসহ)
- ৬। নথি।